গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ২৯৬৭ তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

**বিষয়: নভেম্বর ২০২৫ - জানুয়ারি ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

১. নভেম্বর ২০২৪ - অক্টোবর ২০২৫ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +৬.৫, +১০.৮, +৩.৭, +৭.৭, +১০.০, +৩.৬, +২.১, +১.৮, +৬.৮, +২.১, +০.২, ও +১০.৯ (Bureau of Meteorology, Australia)।

২. অক্টোবর ২০২৫ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (৩৫.৬%) বৃষ্টিপাত হয়েছে। ময়মনসিংহ, রংপুর, রাজশাহী ও বরিশাল বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি এবং চট্টগ্রাম, খুলনা ও সিলেট বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় ৩০ সেপ্টেম্বর সন্ধ্যা ০৬ টায় একটি লঘুচাপ সৃষ্টি হয় যা ০১ অক্টোবর সকাল ০৬টায় পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় প্রথমে সুস্পষ্ট লঘুচাপ ও পরে আরও ঘণীভূত হয়ে নিম্নচাপে পরিনত হয়। পরবর্তীতে এটি ০২ অক্টোবর সকাল ৬টায় ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে রূপ নিয়ে পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগরে অবস্থান করে এবং একই দিনে এটি উত্তর-উত্তরপশ্চিম দিকে সরে গিয়ে উড়িষ্যা ও তৎসংলগ্ন এলাকায় স্থল গভীর নিম্নচাপে পরিণত হয়। ৩ অক্টোবরে এটি দুর্বল হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে ঝাড়খন্ড- ছত্তিশগড় এলাকায়, পরবর্তীতে আরো দুর্বল হয়ে বিহার ও তৎসংলগ্ন এলাকায় লঘুচাপ আকারে অবস্থান করে এবং পরে এটি গুরুত্বহীন হয়ে পড়ে। ২৪ অক্টোবর ২০২৫ দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় আরো একটি লঘুচাপ সৃষ্টি হয়। লঘুচাপটি প্রথমে সুস্পষ্ট লঘুচাপ ও পরে আরও ঘণীভূত হয়ে একই এলাকায় নিম্নচাপে পরিনত হয়। ২৬ অক্টোবর ২০২৫ সকাল ৬টায় নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিনত হয়। দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থিত গভীর নিম্নচাপটি ২৭ অক্টোবর ২০২৫ রাত ৩টায় দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় ঘূর্ণিঝড় মোন্থায় পরিণত হয়। ২৮ অক্টোবর ২০২৫ সকাল ৬টায় ঘূর্ণিঝড় 'মোন্থা' আরো ঘণীভূত হয়ে প্রবল ঘূর্ণিঝড়ে পরিনত হয়ে পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং ২৮ অক্টোবর মধ্যরাতে এটি ভারতের অন্ধ্রপ্রদেশ উপকূল অতিক্রম সম্পন্ন করে। ২৯ অক্টোবর সকাল ০৬টায় এটি দুর্বল হয়ে প্রথমে গভীর নিম্নচাপ এবং ৩০ অক্টোবরে সুস্পষ্ট লঘুচাপ হিসাবে দক্ষিণ ছত্তিশগড় ও তৎসংলগ্ন এলাকায়, পরবর্তীতে লঘুচাপ আকারে পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাংশে অবস্থান করে। দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ু ১৩ অক্টোবর ২০২৫ রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, এবং খুলনা বিভাগ থেকে বিদায় নেয় এবং ১৪ অক্টোবর সারা দেশ থেকে মৌসুমী বায়ু বিদায় নেয়। অক্টোবর মাসের প্রথম দশকে সক্রিয় মৌসুমী বায়ুর এবং প্রবল ঘূর্ণিঝড় 'মোন্থা'র প্রভাবে ২৯ - ৩১ অক্টোবর দেশের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মিমি/২৪ ঘন্টা) থেকে অতি ভারী(>৮৮ মিমি/২৪ ঘন্টা) বর্ষণ হয়। এ মাসে ৩১ অক্টোবর ২০২৫ তেঁতুলিয়ায় একদিনে সর্বোচ্চ বৃষ্টিপাত ১৬২ মি.মি. রেকর্ড করা হয়। অক্টোবর মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬.৫°সে. (ফেনী, ২১ ও ২২ অক্টোবর ২০২৫) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৯.৯°সে. (তেঁতুলিয়া, ১৪ অক্টোবর ২০২৫) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন এবং গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ১.৩°সে., ০.৯°সে. এবং ১.১°সে. বেশি ছিল। তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা অক্টোবর ২০২৫ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক নভেম্বর-জানুয়ারি ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | নভেম্বর ২০২৫ খ্রিঃ | | ডিসেম্বর ২০২৫ খ্রি: | | জানুয়ারি ২০২৬ খ্রি: | |
|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) |
| ঢাকা | ২৬ | ৩০-৩৫ | ০৯ | ১০-১৫ | ০৮ | ০৮-১০ |
| ময়মনসিংহ | ১৪ | ১৫-২০ | ০৮ | ০৮-১০ | ০৯ | ০৯-১০ |
| চট্টগ্রাম | ৩৯ | ৪০-৬০ | ১০ | ১০-১৫ | ০৮ | ০৮-১০ |
| সিলেট | ২৫ | ৩০-৪০ | ১৩ | ১৫-১৮ | ০৮ | ০৮-১০ |
| রাজশাহী | ১২ | ১৫-২০ | ০৮ | ০৮-১২ | ০৮ | ০৮-০৯ |
| রংপুর | ৬ | ০৮-১২ | ০৫ | ০৬-১০ | ০৯ | ০৯-১০ |
| খুলনা | ২৯ | ৩০-৩৫ | ০৭ | ০৮-১২ | ১২ | ১২-১৩ |
| বরিশাল | ৪৪ | ৪৫-৫৫ | ০৬ | ০৭-১১ | ০৯ | ০৯-১০ |

১. দেশে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. বঙ্গোপসাগরে ২-৪ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ০২ টি নিম্নচাপ/ ঘূর্ণিঝড়ে রূপ নিতে হতে পারে।
৩. দিন ও রাতের তাপমাত্রা ক্রমান্বয়ে হ্রাস পেতে পারে। তবে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৪. শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের উত্তর, উত্তরপশ্চিমাঞ্চল, মধ্যাঞ্চল ও নদ-নদী অববাহিকায় মাঝারি/ ঘন কুয়াশা এবং অন্যত্র হালকা/ মাঝারি ধরণের কুয়াশা পড়তে পারে। ঘন কুয়াশার কারণে দিন ও রাতের তাপমাত্রার পার্থক্য কমে আসতে পারে এতে শীতের অনুভূতি বাড়তে পারে।
৫. দেশে ৪-৭ টি মৃদু (০৮-১০°সে.) থেকে মাঝারি (০৬-০৮°সে.) ধরণের শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে তবে উত্তরপশ্চিমাঞ্চল, উত্তরপূর্বাঞ্চল ও মধ্যাঞ্চলে ২-৩ টি শৈত্য প্রবাহ (০৪-০৬°সে.) তীব্র রূপ নিতে পারে।

০২/১১/২৫
(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় উপদেষ্টা
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
৩। মূখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০০।
৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
১০।সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।